



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫৩৫৫/৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.১২০৫৮

তারিখ: ০৮-০৯-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৭-০৮-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৭৬৫৮)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন পাকুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত মানেজিং কমিটির দাতা সদস্য জনাব মোছাঃ রেবেকা পারভীনের বিরক্তে জনাব মোঃ আশরাফুজ্জামান অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজামিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৮-০৯-২০২২

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
কুষ্টিয়া।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৫৩৫৫/৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.১২০৫৮ (৬)

তারিখ: ০৮-০৯-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৪। প্রধান শিক্ষক, পাকুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, মহিষকুণ্ডি, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৫। অভিযোগকারী, জনাব মোঃ আশরাফুজ্জামান (০১৭৩৯-৮৬৮৬৭৫), মহিষকুণ্ডি, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৬। অফিস নথি।

০৮-০৯-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয়ঃ দাতা সদস্য নির্বাচনের বৈধতা প্রসঙ্গে।

বিনীত নিবেদন এই যে, গত ৩০/০৭/২০২২ইং, রোজ- শনিবার পাকুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে দাতা ক্যাটাগরীর ভোটার তালিকায় ০১। মোছাঃ রেবেকা পারভীন, স্বামী মোঃ শহিদুল ইসলাম, গ্রাম- পাকুড়িয়া, ডাকঘর- মহিষকুন্ডি, দৌলতপুর, কুষ্টিয়া। উক্ত ভোটার দাতা সদস্য হওয়ার জন্য যে শর্তাবলী দরকার তার কোনটাই নাই। মোছাঃ রেবেকা পারভীনের স্বামী পাকুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক। ছল চাতুরীর মাধ্যমে মোছাঃ রেবেকা পারভীনকে আজীবন দাতা সদস্য তৈরী করা হয়। কোন বৈধ কাগজ-পত্র নাই। উক্ত বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক মোঃ শহিদুল ইসলাম নিজ স্বার্থ চরিতার্থ করিবার জন্য মোছাঃ রেবেকা পারভীনকে দাতা সদস্য নির্বাচিত করেন। গত ০২/০৮/২০২২ইং তারিখ রোজ- মঙ্গলবার আপনার দণ্ডে অনুষ্ঠিত সভাপতি নির্বাচনে মাত্র ০৫ (পাঁচ) ভোট পাইয়া মোঃ জয়নাল আবেদীন, পিতা- মোঃ মজিবর রহমান গ্রাম পাকুড়িয়া, ডাকঘর- মহিষকুন্ডি, দৌলতপুর, কুষ্টিয়া সভাপতি নির্বাচিত হয়। উক্ত ০৫ (পাঁচ) ভোটের মধ্যে দাতা সদস্য মোছাঃ রেবেকা পারভীনের ভোট রহিয়াছে। সভাপতি নির্বাচনে আমি প্রার্থী ছিলাম। আমার প্রাপ্ত ভোট সংখ্যা ৪ (চার)। দাতার ভোট না দিলে উভয়ের ভোট সংখ্যা ০৪ (চার) হইবে। তখন সিদ্ধান্ত অন্যরকমও হইতে পারিত।

অতএব, জনাব মেহেরবানী করিয়া মোছাঃ রেবেকা পারভীনের কাগজ-পত্র তলব করতঃ সঠিক সিদ্ধান্তে উপনিত হওয়ার জন্য জনাবকে অনুরোধ জানাইতেছি। সেই সঙ্গে ইহার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নির্বাচন সংক্রান্ত কোন প্রকার কাগজ-পত্র পাকুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে না দেওয়ার জন্য অনুরোধ রাইল।

তারিখঃ ০৭/০৮/২০২২

বিনীত নিবেদক-

স্বামী, প্রফেসর মুফতুল ইসলাম

মোঃ আশরাফুজ্জামান

পিতা- হত নিজাম উদ্দিন সরকার

গ্রাম- জামালপুর

ডাকঘর- মহিষকুন্ডি

দৌলতপুর, কুষ্টিয়া।

অনুলিপি- সদয় অবগতি ও পরবর্তী কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।

২। উপজেলা নির্বাচনী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।

৩। প্রিজাইডিং অফিসার, নির্বাচনী কার্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া।